Times Today BD

মো. নাঈম | বরিশাল | 05 May, 2025

এইচএসসি পাশের পর তিন বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স অ্যান্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সকে স্নাতক (ডিগ্রি পাস) সমমানের স্বীকৃতি প্রদানের দাবিতে কর্মসূচি পালন করেছে পাশা নার্সিং কলেজ, ঝালকাঠির শিক্ষার্থীরা।

মঙ্গলবার (৫ মে) সকাল ১০টায় আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উপলক্ষে কোনো আয়োজন না করে ক্লাস, পরীক্ষা ও ক্লিনিকাল প্র্যাকটিস বর্জনের মাধ্যমে তারা ‘শাটডাউন’ কর্মসূচি পালন করে।আন্দোলনের অংশ হিসেবে শিক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান সামনে (ঝালকাঠি কলেজ মোড়ে) অবস্থান নিয়ে তাদের দাবি তুলে ধরেন।

তৃতীয় বর্ষের শিক্ষার্থী মো. রাব্বি হাওলাদার বলেন, “তিন বছর ধরে কঠোর অধ্যয়ন ও ক্লিনিকাল প্রশিক্ষণ নেওয়ার পরেও আমাদের ডিপ্লোমাকে শুধুমাত্র এইচএসসি সমমান হিসেবে গণ্য করা হয়।এটি আমাদের জন্য অত্যন্ত অবমাননাকর।”

আরেক শিক্ষার্থী মো. আলী আজিম বলেন, “যেখানে বিএ, বিবিএ বা অনার্স কোর্স তিন বছর মেয়াদি এবং সেগুলো স্নাতক ডিগ্রি হিসেবে স্বীকৃত, সেখানে আমাদের তাত্ত্বিক ও ব্যবহারিক মিলিয়ে তিন বছরের বেশি সময় ব্যয় করার পরও উচ্চমাধ্যমিক সমমানের সার্টিফিকেট দেওয়া হয়, যা স্পষ্ট বৈষম্য।”

তৃতীয় বর্ষের শিক্ষার্থী ইসরাত জাহান বলেন, “আমরা স্বাস্থ্যসেবার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে কাজ করে যাচ্ছি।অথচ আমাদের শিক্ষা ও যোগ্যতার যথাযথ মূল্যায়ন করা হচ্ছে না।”

ইন্টার্ন নার্স মো. মশিউর রহমান বলেন, “ইন্টার্নশিপসহ আমাদের মোট সময়কাল প্রায় সাড়ে তিন বছর।তারপরও স্নাতক সমমানের স্বীকৃতি না পাওয়া অত্যন্ত দুঃখজনক।এই অবিচারের প্রতিবাদে আমরা আন্দোলনে নেমেছি।”

শিক্ষার্থীরা হুঁশিয়ারি দেন, যতদিন না তাদের দাবি মেনে নেওয়া হবে, ততদিন তারা ক্লাস, পরীক্ষা ও প্র্যাকটিক্যাল কার্যক্রমে অংশ নেবেন না এবং আন্দোলন চালিয়ে যাবেন।

উল্লেখ্য, দেশের বিভিন্ন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও একই দাবিতে সংগঠিত হওয়ার আহ্বান জানিয়েছেন।শিক্ষার্থীদের মতে, এ দাবির বাস্তবায়ন হলে পেশাগত মর্যাদা ও কর্মক্ষেত্রে নার্সদের অবস্থান আরও সুদৃঢ় হবে।

শাটডাউন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:49

URL: https://www.timestodaybd.com/barishal/1991899407